বিজ্ঞপ্তি

বাঁকুড়া জেলা প্রশাসনের উদ্যোগে এবং বিষ্ণুপুর মহকুমা প্রশাসনের তত্ত্বাবধানে, মন্দিরনগরী বিষ্ণুপুরে পর্যটন, সংস্কৃতি ও হস্তশিল্পের প্রসারে আগামী ২৩-২৭শে ডিসেম্বর, ২০২৬, ৩৯-তম বিষ্ণুপুর মেলা অনুষ্ঠিত হবে।

ঐতিহ্য ও পরম্পরার সমন্বয়ে এবারের স্মরণিকাকে আরও আকর্ষণীয়, সময়োপযোগী ও নতুন আঙ্গিকে তুলে ধরার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই মহতি উদ্দেশ্যকে সামনে রেখে ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে তাঁদের মূল্যবান মৌলিক সৃষ্টিকর্ম পেতে আগ্রহী বি ষ্ণুপুর মেলা ও উৎসব কমিটি। আপনার সাহিত্য কীর্তিটি বিষ্ণুপুর তথা বাঁকুড়া জেলার -

- উন্নয়ন
- অরণ্যসম্পদ
- সবুজায়ন
- কৃষি ও সেচ ব্যবস্থা
- লোকায়ত সমাজ
- অর্থনৈতিক রূপান্তর
- ইতিহাস
- পুরাকৃতি
- সাহিত্য-সংস্কৃতি বিষয়ক হলে ভাল হয়।

নিয়মাবলী -

কবিতা - সর্বোচ্চ ২০ লাইন।

প্রবন্ধ - সর্বোচ্চ ১৫০০ শব্দ।

গল্প/ স্মৃতিকথা/ রম্যরচনা - সর্বোচ্চ ১২০০ শব্দ।

ভ্রমণ কাহিনী - সর্বোচ্চ ১৫০০ শব্দ।

- সাহিত্য কীর্তিটি সরাসরি ওয়েব পেজের দেওয়ালে টাইপ করে প্রেরণ করা বাঞ্ছনীয়।
- বিষ্ণুপুর মেলা ও উৎসব কমিটির বিশেষজ্ঞমণ্ডলীর বিবেচনাই চূড়ান্ত সিদ্ধান্ত ।
- **লেখা জমা দেওয়ার শেষ তারিখ ১০/১২/২০২৬**

ওয়েব পেজ : www.bishnupurmela.in